দৈনিক সংবাদ

15 MAY 1993

৫ ... ৭

67

# মাদারীপুরে ৩৪ হাজার শিশু প্রাথমিক শিক্ষা পাচ্ছে না

মাদারীপুর, ১৪ই মে (নিজস্ব সংবাদদাতা)।- শিক্ষা উপকরণের অভাব ও দুর্মূল্য, অভিভাবকদের অজ্ঞতা ও আর্থিক সংকটের কারণে মাদারীপুর জেলার ৩৪ হাজরেরও বেশী শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে সম্পূর্ণ বঞ্চিত হচ্ছে।

সংশ্লিষ্ট বিভাগসূত্রে জানা গেছে, ১০ লাখ জনসংখ্যা অধ্যুষিত মাদারীপুর জেলার ৪টি থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ৬১ হাজার ১শ' ৯৪। কিন্তু বর্তমানে জেলার প্রায় সাড়ে ৪শ' প্রাথমিক বিদ্যালয়ে ১ লাখ ২৭ হাজার ৩৬ জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। অর্থাৎ জেলায় বর্তমানে প্রায় ৩৪ হাজার ১শ' ৫৮ জন শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। থানাওয়ারী পরিসংখ্যানে দেখা যায় শিবচর থানার প্রাথমিক বিদ্যালয়ে গমনোযোগী শিশুর সংখ্যা ৪৩ হাজার ৭শ' ১৯, কিন্তু সেখানে যায় ৩৫ হাজার ৫শ' জন, রাজৈর থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৩৪ হাজার ৯শ' ৬৪, কিন্তু সেখানে যায় ২৬ হাজার ৪শ' ১৫ জন, কালকিনি থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৩৯ হাজার ৭শ' ৬৭, কিন্তু সেখানে যায় ২৮ হাজার ৪শ' ৫১ জন এবং মাদারীপুর সদর থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৪২ হাজার ৭শ' ৪০ কিন্তু সেখানে যায় ৩৬ হাজার ৬শ' ৭০ জন।

এদিকে জেলার প্রায় সাড়ে ৪শ' প্রাথমিক বিদ্যালয়ে অন্তহীন সমস্যা বিরাজ করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে কাগজেকলমে যে ছাত্র-ছাত্রী সংখ্যা রয়েছে তার প্রায় এক তৃতীয়াংশই বিদ্যালয়ে আসে না।

জেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েই প্রয়োজনীয় শিক্ষকের অভাব, শিক্ষা উপকরণের দুর্মূল্য, প্রয়োজনীয় বেঞ্চ, টেবিল ও অন্যান্য আসবাবপত্রের অভাব, অধিকাংশ বিদ্যালয় গৃহের জরাজীর্ণ অবস্থা ইত্যাদি। এছাড়াও অপ্রতুল সরকারী মঞ্জুরির পাশাপাশি অভিভাবকদের 'অসচেতনার কারণেও জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর সংখ্যা দারুণ হ্রাস পাচ্ছে।'